



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
এইচআরএম ইউনিট
www.dshe.gov.bd
ঢাকা



জরুরি
সীমিত

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৬.৩৫.০০২.১৯.১২৪

তারিখ: ১১ আশ্বিন ১৪২৮

২৬ সেপ্টেম্বর ২০২১

বিষয়: ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১ম ত্রৈমাসিক (জুলাই/২১-সেপ্টেম্বর/২১)
প্রতিবেদন প্রেরণ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এবং ৯টি আঞ্চলিক পরিচালক -এর কার্যালয়ের মধ্যে স্বাক্ষরিত ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১ম ত্রৈমাসিক (জুলাই/২১-সেপ্টেম্বর/২১) অগ্রগতি প্রতিবেদন Annual Performance Agreement Management System (APAMS) এর মাধ্যমে দাখিল করে ডাউনলোডকৃত প্রতিবেদনটি আগামী ১০/১০/২০২১খ্রি. তারিখের মধ্যে apa.dshe@gmail.com ঠিকানায় ই-মেইলে প্রেরণ করার জন্যে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২. ২০২১-২০২২ অর্থবছরে অত্র অধিদপ্তরাধীনএপিএ চুক্তির আওতাভুক্ত মাঠ পর্যায়ের অন্যান্য দপ্তরসমূহকে ১ম প্রান্তিকের প্রতিবেদন বিষয়ে পৃথক পত্র ও নির্দেশনা জারি করার জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩. “APAMS এ প্রতিবেদন দাখিল” বিষয়টি নিম্নোক্তভাবে স্পষ্টীকরণ করা হলো-

ক) ২০২১-২২ অর্থবছরে শুধুমাত্র আঞ্চলিক পরিচালকের দপ্তরসমূহকে “APAMS” এর অন্তর্ভুক্ত করা হয়েছে। পর্যায়ক্রমে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়কে এর অন্তর্ভুক্ত করা হবে।


খ) প্রমাণকসমূহ “APAMS” এর মাধ্যমে আপলোড করতে হবে। প্রমাণকের সাইজ বড় হলে সূচকের ক্রমিক নং উল্লেখপূর্বক ই-মেইলে প্রেরণ করতে হবে। বার্ষিক/চূড়ান্ত মূল্যায়নের সময় পূর্ণ অর্থবছরের সকল প্রমাণকের হার্ডকপি প্রেরণ করতে হবে।

গ) সকল তথ্য স্বাক্ষরসহ স্ক্যান করে আপলোড করতে হবে। প্রাথমিকভাবে হার্ডকপি প্রেরণের প্রয়োজন নেই, তবে সকল প্রমাণক এবং তথ্যের হার্ডকপি এমনভাবে প্রস্তুত রাখতে হবে যেন তাৎক্ষণিকভাবে সরবরাহ করা সম্ভব হয়।

ঘ) কোন অর্জনের ‘উপযুক্ত প্রমাণক’ দাখিল না করলে কার্যক্রমটি অর্জিত হয়নি মর্মে বিবেচিত হবে এবং এসব কার্যক্রমের বিপরীতে কোন নম্বর দাবী করা যাবে না।

ঙ) নির্ধারিত সময়ের মধ্যে আঞ্চলিক পরিচালক ও উপপরিচালকের দপ্তরকে এ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে এবং আইডি-পাসওয়ার্ড প্রদান করা হবে।

চ) “APAMS” কেবিনেট ডিভিশন কর্তৃক নিয়ন্ত্রিত হয়। নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন আপলোড না করলে সিস্টেমটি নিজ থেকে বন্ধ হয়ে যাবে।



২৬-৯-২০২১

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

পরিচালক(মাধ্যমিক ও উচ্চ শিক্ষা)-সকল অঞ্চল

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৬.৩৫.০০২.১৯.১২৪/১

তারিখ: ১১ আশ্বিন ১৪২৮
২৬ সেপ্টেম্বর ২০২১

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, প্রশিক্ষণ উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ২) পরিচালক, মাধ্যমিক উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ৩) আঞ্চলিক উপপরিচালক-সকল (বিদ্যালয় ও পরিদর্শন শাখা)
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ৬) পি এ টু পরিচালক, কলেজ ও প্রশাসন উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ৭) অফিস কপি, এইচআরএম



২৬-৯-২০২১

আশোকুল হক
সহকারী পরিচালক-১